

স্নাতকোত্তর পাঠক্রম

Assignment – July 2010

বাংলা (প্রথম পত্র)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : 20%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপস্থিত প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (উত্তর দিতে হবে ২৫০ থেকে ৩০০ শব্দের মধ্যে) : $১৮ \times ২ = ৩৬$
- ক) জয়দেবকে বাংলা সাহিত্যের অন্তর্ভুক্ত করার কারণ ব্যাখ্যা করুন। এই প্রসঙ্গে বাংলা সাহিত্যে তার প্রভাব নির্ণয় করুন।
- খ) যে আর্থসামাজিক প্রেক্ষাপটে অনুবাদকাব্যগুলি রচিত হয়েছে সেই প্রেক্ষিতটি বিচার করুন।
- গ) চৈতন্য-পূর্ববর্তী ও চৈতন্য-পরবর্তী কৃষ্ণকথার মধ্যে পার্থক্যের সূত্রগুলি নির্ণয় করুন।
- ঘ) চণ্ডীমঙ্গল (মুকুন্দ চক্রবর্তীর) ও অন্নদামঙ্গল (ভারতচন্দ্রের) কাব্যদ্বয়ের মধ্যে পার্থক্য কোন্ কোন্ সূত্রে তা আলোচনা করুন।
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (উত্তর দিতে হবে ২০০ থেকে ২৫০ শব্দের মধ্যে) : $১৮ \times ২ = ৩৬$
- ক) চৈতন্যপ্রভাব পদাবলী সাহিত্যে ও মঙ্গলকাব্যে কোন্ কোন্ ক্ষেত্রে ধরা পড়েছে সে বিষয়ে আলোচনা করুন।
- খ) চৈতন্যজীবনী কাব্যগুলিতে যে আধুনিকতার লক্ষণ ধরা পড়েছে তার স্বরূপ আলোচনা করুন।

PG BG-I

(2)

- গ) চৈতন্যপ্রেমধর্মের সঙ্গে রোসাও রাজদরবারের কবিদের কাব্যে বর্ণিত প্রেমের স্বরূপগত পার্থক্য আলোচনা করুন।
- ঘ) মধ্যযুগে চৈতন্যদেবকে কেন্দ্র করে যে ভাবের জাগরণ এসেছিল তাকে রেনেসাঁস বলা যায় কী? বাংলার উনিশ শতকীয় রেনেসাঁসের সঙ্গে চৈতন্য-কেন্দ্রিক জাগরণের তুলনামূলক আলোচনা করুন।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের বিষয়ে আলোচনা করুন (উত্তর দিতে হবে ১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে) : $৭ \times ৪ = ২৮$
- ক) বঙ্গদর্শন (বঙ্কিম-সম্পাদিত)।
- খ) রবীন্দ্রনাথের 'সোনারতরী'।
- গ) গল্পকার মানিক বন্দ্যোপাধ্যায়।
- ঘ) 'রক্তকরবী' নাটকের চিরন্তন গুরুত্ব।
- ঙ) রবীন্দ্রনাথের গদ্যে 'সবুজপত্র' পর্যায়ের অভিনবত্ব।
- চ) রবীন্দ্র-বিশেষজ্ঞ আইয়ুব।
- ছ) হিন্দু-মুসলমান সম্পর্ক বিষয়ে রবীন্দ্রনাথের বক্তব্যের একালীনতা।

স্নাতকোত্তর পাঠ্যক্রম

Assignment – July 2010

বাংলা (দ্বিতীয় পত্র)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : 20%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপোক্ত প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : উত্তরের শব্দসীমা ২৫০ থেকে ৩০০) :
১৮×২=৩৬

- ক) আমেরিকার গঠনমূলক ভাষাবিজ্ঞান চর্চায় ফ্রানজ বোয়াস এবং এডওয়ার্ড সাপির-এর ভূমিকা নিয়ে সংক্ষেপে একটি নিবন্ধ রচনা করুন।
খ) ধ্বনিকল্প ও ধনিবিকল্প নিরূপণের পদ্ধতি নিয়ে আলোচনা করুন।
গ) মধ্যযুগ ও প্রাক-আধুনিক যুগে ভাষাবিজ্ঞান চর্চা যাঁরা করেছিলেন তাঁদের সেই চর্চার সাধারণ পরিচয় দিন।
ঘ) বিজ্ঞানের অন্যান্য শাখায় মতোই ভাষাবিজ্ঞান নিত্য প্রগতিশীল ও সদা সক্রিয় একটি বিদ্যা—আলোচনা করুন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (উত্তরের শব্দসীমা ১০০ থেকে ১৫০) :
১২×৩=৩৬

- ক) উদাহরণসহ আলোচনা করুন :
পূর্ণযোগমূলক ভাষা, আংশিক সংযোগমূলক ভাষা, যৌগিক ভাষা।
খ) বাংলা ব্যঞ্জন শ্রেণিকরণের মাপকাঠিগুলি উদাহরণ দিয়ে ব্যাখ্যা করুন।
গ) রূপ কাকে বলে? মুক্তরূপ ও বদ্ধরূপ উদাহরণসহ আলোচনা করুন।

PG BG-II

(2)

- ঘ) বাংলা প্রথাগত ব্যাকরণে সংস্কৃতব্যাকরণ ও ইংরেজি ব্যাকরণের প্রভাব নির্ণয় করুন।
ঙ) বর্ণনামূলক ভাষাতত্ত্ব ও সংবর্তনী-সঞ্জননী ভাষাতত্ত্বের তুলনামূলক আলোচনা করুন।
৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৭×৪=২৮
ক) উপভাষা কাকে বলে আলোচনা করে ক্ষেত্রসমীক্ষা, পারস্পরিক বোধগম্যতা সম্পর্কে সূত্রাকারে আলোচনা করুন।
খ) ভাষাসংস্কারের বিভিন্ন দিক নির্দেশ করুন।
গ) পরিভাষা নির্মাণের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করে পরিভাষা নির্মাণের ক্ষেত্রে কোন্ দিকগুলি দেখা দরকার বলে আপনার মনে হয় সে বিষয়ে আলোচনা করুন।
ঘ) ভারতীয় অলংকারশাস্ত্রে 'রস' বলতে কী বোঝানো হয়েছে? 'রস' সৃষ্টিতে কি অলংকার এবং রীতির কোনো ভূমিকা নেই?
ঙ) নব্য ক্লাসিকাল (Neo-classical) সাহিত্যবিচারের স্বরূপ নির্ণয় করুন।